

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৩০, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২১ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ/০৮ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ

নং ৪৬.০৪৫.০২৭.০৮.৪০.০৪০.২০১৫-৭৭৩—যেহেতু জনাব মোঃ কফিল উদ্দিন, চেয়ারম্যান, সাভার উপজেলা পরিষদ, ঢাকা কর্তৃক জানুয়ারি/২০১৫ হতে মে/২০১৫ পর্যন্ত উপজেলা পরিষদের সাধারণ সভায় অনুপস্থিত থাকার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে ;

যেহেতু উল্লিখিত অভিযোগে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ১৩(১)(ক) ধারায় তাঁকে দোষী সাব্যস্ত করা হয়েছে, সেহেতু সরকার তাঁকে স্থায় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে ;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ১৩(২) ধারা অনুসারে ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ কফিল উদ্দিনকে সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যান পদ হতে অপসারণ করা হলো ।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

লুৎফুন নাহার

সিনিয়র সহকারী সচিব ।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত ।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত । web site: www.bgpress.gov.bd

(৬০৭১)

মূল্য : টাকা ৪০০০